গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
শেরপুর সদর, শেরপুর

স্মারক নং : ০৫.৪৫.৮৯৮৮.০০০.০১.০০১.২৫.২৮ তারিখ : ২১ পৌষ ১৪৩২ / ০৫ জানুয়ারি ২০২৬

**জলমহাল সমূহ/পুকুর ইজারার দরপত্র বিজ্ঞপ্তি**

ভূমি মন্ত্রণালয়, সায়রাত-১ অধিশাখা এর স্মারক নং-৩১.০০.০০০০.০৫০.৬৮.০০২৩.২৫.৭০৪ তারিখ : ২৩ নভেম্বর ২০২৫ মূলে জারিকৃত প্রজ্ঞাপনের প্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এর আলোকে শেরপুর সদর উপজেলাধীন (২০ একর পর্যন্ত) ইজারাযোগ্য নিম্নবর্ণিত বদ্ধ জলমহাল বাংলা ০১ বৈশাখ ১৪৩৩ হতে ৩০ চৈত্র ১৪৩৫ বঙ্গাব্দ পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদে ইজারা প্রদানের নিমিত্ত ভূমি মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন অনুযায়ী নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সংগঠন/সমবায় সমিতির নিকট হতে নির্ধারিত সময়সূচি ও নিয়মাবলী/শর্তাবলী এবং চেকলিস্ট অনুসরণপূর্বক দরপত্র আহ্বান করা হচ্ছে।

**সময়সূচি:**

| অনলাইনে আবেদন দাখিল (লিংক-www.jm.lams.gov.bd ) | অনলাইনে দাখিলকৃত দরপত্র আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূলকপি সীলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল |
|---|---|
| ০১ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ (১৫ জানুয়ারি, ২০২৫ খ্রি.) থেকে ১৫ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ ( ২৯ জানুয়ারি, ২০২৬ খ্রি.) | ১৮ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ (০১ ফেব্রুয়ারি, ২০২৬খ্রি.) থেকে ২০ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ (০৩ ফেব্রুয়ারি, ২০২৬ খ্রি.) |

**ইজারাযোগ্য জলমহালসমূহ/পুকুরের নাম**

| ক্রঃ নঃ | ইউনিয়নের নাম | জলমহালসমূহ/পুকুরের নাম | মৌজার নাম | জমির পরিমাণ | সম্ভাব্য সরকারী ইজারা মূল্য | সিডিউলের মূল্য (অফেরতযোগ্য) |
|---|---|---|---|---|---|---|
| ১ | পাকুরিয়া | বাদাতেঘরিয়া মাস্টারবাড়ী খাসপুকুর | বাদাতেঘরিয়া | ১.০৪ একর | ৯০,৬০০/- | ৫০০/- |
| ২ | পাকুরিয়া | বাদাতেঘরিয়া কানা খাসপুকুর | বাদাতেঘরিয়া | ১.২৪ একর | ৯১,০০০/- | ৫০০/- |
| ৩ | পাকুরিয়া | বাদাতেঘরিয়া পূর্বপাড়া খাসপুকুর | বাদাতেঘরিয়া | ০.৯৩ একর | ৮৪,০০০/- | ৫০০/- |
| ৪ | কামারিয়া | চিলডাঙ্গা খাসপুকুর | কবিরপুর আন্ধারিয়া | ২.০০ একর | ১,০৫,০০০/- | ৫০০/- |
| ৫ | গাজীরখামার | চককুমড়ী তালপুকুর | চককুমড়ী | ১.০৪ একর | ৬৮,২৫০/- | ৫০০/- |
| ৬ | চরমোচারিয়া | চরমোচারিয়া খাস পুকুর | চরমোচারিয়া | ০.৮৫ একর | ৪৯,৫০০/- | ৫০০/- |

**নিয়মাবলী:**

১। অনলাইনে আবেদন দাখিল সংক্রান্ত নির্দেশিকা অনুযায়ী নিবন্ধিত মৎস্যজীবী সমবায় সমিতির সভাপতি/সম্পাদককে মন্ত্রণালয়ের ওয়েবসাইটে jm.lams.gov.bd লিংকে রেজিস্ট্রেশন সম্পন্ন করে অনলাইনে আবেদন দাখিল করতে হবে। এ সংক্রান্ত নির্দেশিকা উক্ত ওয়েবসাইটে আপলোড করা হয়েছে।

২। কোন জলমহালের ওপর উর্ধ্বতন কর্তৃপক্ষের/মন্ত্রণালয়ের স্থগিতাদেশ/সিদ্ধান্তের অপেক্ষায় অথবা কোন আদালতের স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থার আদেশ হলে সে সকল জলমহালের ওপর বর্ণিত আদেশ মোতাবেক কর্তৃপক্ষের অনুমোদন স্বাপেক্ষে ইজারা সংক্রান্ত কার্যক্রম গ্রহণ করা হবে। এ ছাড়াও ইজারা পরবর্তীতে কোন জলমহালের ওপর আদালত/উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক কোন আদেশ হলে আদেশ মোতাবেক সংশ্লিষ্ট জলমহালের ইজারা সংক্রান্ত কার্যক্রম স্থগিত থাকবে।

৩। জলমহাল ইজারা সংক্রান্ত বিজ্ঞপ্তিটি www.sadar.sherpur.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে।

৪। জলমহাল ইজারা সংক্রান্ত আবেদন দাখিলের সকল শর্তাদি উপজেলা ওয়েব পোর্টাল ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের নোটিশ বোর্ড হতে জানা যাবে।

৫। অনলাইনে আবেদন দাখিলের শেষ সময়সীমার পরবর্তী ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে অনলাইনে আবেদনের সকল তথ্যাদির প্রিন্টেড কপি সহ জলমহাল ইজারার জন্য জামানতের ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মূল কপি সীলগালাযুক্ত খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল করতে হবে। সীলগালাকৃত উল্লিখিত খামের উপরিভাগে "জলমহালের নাম ও ইজারা প্রাপ্তির জন্য আবেদন'' কথাটি স্পষ্টভাবে লিখতে হবে এবং খামের বাম পার্শ্বে নিম্নভাগে সমিতির নাম ও ঠিকানা লিখা থাকতে হবে।

৬। অনলাইনে দাখিলকৃত তথ্যাদি এবং প্রিন্টেড কপি হিসেবে দাখিলকৃত তথ্যাদির মধ্যে তারতম্য রাখা যাবে না।

৭। নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনে চূড়ান্তভাবে আবেদন দাখিল না করে সরাসরি উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে জলমহাল ইজারা পাওয়ার জন্য আবেদন দাখিল করলে তা সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৮। কর্তৃপক্ষ কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে দরপত্র বিজ্ঞপ্তির কোন অংশ বা সম্পূর্ণ দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

০৫/০১/২৬
মাহবুবা হক
উপজেলা নির্বাহী অফিসার
শেরপুর সদর, শেরপুর।
ফোনঃ ০২৯৯-৭৭৮১০৬৪(অফিস)
ই-মেইলঃ unosherpur@mopa.gov.bd

স্মারক নং : ০৫.৪৫.৮৯৮৮.০০০.০১.০০১.২৫.২৮ তারিখ : ২১ পৌষ ১৪৩২ / ০৫ জানুয়ারি ২০২৬

১। জেলা প্রশাসক, শেরপুর।
২। উপ-পরিচালক (উপ-সচিব), স্থানীয় সরকার, শেরপুর।
৩। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), শেরপুর।
৪। সহকারী কমিশনার (ভূমি), শেরপুর সদর, শেরপুর (তাঁর কার্যালয় এবং আওতাধীন ইউনিয়ন ভূমি অফিস সমূহের নোটিশ বোর্ডে প্রচারের অনুরোধ করা হলো)।
৫। সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, শেরপুর সদর, শেরপুর (সকল মৎস্যজীবী সংগঠনকে প্রচার করার জন্য অনুরোধ জানানো হলো)।
৬। জেলা তথ্য অফিসার, শেরপুর। বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।
৭। চেয়ারম্যান...................... ইউ,পি, শেরপুর সদর, শেরপুর।
৮। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা...................... ইউনিয়ন ভূমি অফিস।
৯। অফিস কপি/নোটিশ বোর্ড।

উক্ত নোটিশ ঢোল/ মাইক যোগে ব্যাপক প্রচার করে এস, আর, ফেরৎ দেয়ার জন্য অনুরোধ করা হলো।

০৫/০১/২৬
মাহবুবা হক
উপজেলা নির্বাহী অফিসার
শেরপুর সদর, শেরপুর।

CS CamScanner